দৈনিক খবর

তারিখ ... 29 MAR 1990 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... ৫ ...

61

# এখনই ঢাকা ভার্সিটি খুলে দিনঃ ৯টি ছাত্র সংগঠনের দাবী

।। স্টাফ রিপোর্টার ।।

নয়টি ছাত্র সংগঠন বলেছে, হত্যা ও সন্ত্রাসের আশংকা সবসময়ই থাকে, কিন্তু সেজন্য দীর্ঘদিন বিশ্ববিদ্যালয় বন্ধ রাখা ঠিক নয়। তাই আমরা এখুনি বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানিয়েছি।

ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি প্রসঙ্গে ডাকসু ভবনে নয়টি ছাত্র সংগঠনের

২-এর পাতায় দেখুন

দু'য়ের পাতার পর

## এখনই ঢাকা ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

উদ্যোগে গতকাল বুধবার আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা বলা হয়। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্রনেতা নাজমুল হক প্রধান। উপস্থিত ছিলেন ছাত্রনেতা মুশতাক হোসেন, মোস্তফা ফারুক, শফী আহমেদ, জহির উদ্দিন স্বপন, নূর আহমেদ বকুল, আব্দুস সাত্তার খান, ফজলুর রশিদ ফিরোজ ও মোশরেফা মিশু।

উপাচার্য পরিবর্তনের ফলে পরিস্থিতির কিছুটা পরিবর্তন হলেও অন্যান্য বিষয়গুলোর এখনও কোন সমাধান হয়নি। উল্লেখ করে লিখিত বক্তব্যে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় এক মাসের বেশী সময় অনির্ধারীত বন্ধের কারণে ছাত্র-ছাত্রীদের ক্ষতি হয়েছে। কাজেই রমজান ও গ্রীষ্মের ছুটির প্রয়োজনীয়তা আছে বলে মনে করি না। ঈদুল ফিতরের সময় এক সপ্তাহ ক্লাস বন্ধ রেখে অব্যাহতভাবে ক্লাস ও পরীক্ষা চালু রাখার জন্য আমরা কর্তৃপক্ষের কাছে জোর দাবী জানাচ্ছি।

বিদায়ী উপাচার্য সরকারী অপচেষ্টাকে প্রতিহত করার কোন চেষ্টা করেনি বরং অতি উৎসাহ ও আগ্রহের সাথে সরকারের নীল নক্সা বাস্তবায়নে হাতিয়ার হিসেবে ব্যবহৃত হতে থাকেন উল্লেখ করে বলা হয়, চ্যান্সেলরের সাথে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের ঘন ঘন বৈঠক, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পুলিশ, গোয়েন্দা সংস্থাগুলোর সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মাখামাখি সন্ত্রাসকে লালন

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত সকল সন্ত্রাসী ঘটনার পক্ষপাতহীন বিচার ও তদন্ত কমিটিগুলোর রিপোর্ট অবিলম্বে প্রকাশের দাবী জানিয়ে লিখিত বক্তব্যে বলা হয়, সন্ত্রাসের মদদদাতা সরকারের করুণার উপর নির্ভর করে যে সন্ত্রাস বন্ধ করা যায় না, তা গত কয়েক বছরে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

অবিলম্বে সিনেট কর্তৃপক্ষ নির্বাচিত উপাচার্য দায়িত্বভার গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে দাবী জানিয়ে বলা হয়, বিদায়ী উপাচার্য স্বৈরাচারী ক্ষমতা ভোগ করার জন্য সিনেটকে আইনগত জটিলতা মুক্ত করে সচল করার কোন উদ্যোগ নেননি। অনুরূপ কোন অভিযোগ বর্তমান ভারপ্রাপ্ত উপাচার্যের বিরুদ্ধে উত্থাপিত হোক এটা আমাদের প্রত্যাশা নয়। অস্ত্রবাজ ও সন্ত্রাসীদের কালবিলম্ব না করে বহিস্কার ও প্রশ্রয় না দেয়ার জন্য সংশ্লিষ্ট ছাত্র সংগঠনগুলোর প্রতি সাংবাদিক সম্মেলনে আহবান জানান হয়।

### ছাত্র ফেডারেশন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য নিয়োগকে বিশ্ববিদ্যালয় আদেশ '৭৩ ও বিশ্ববিদ্যালয় স্বায়ত্তশাসন খর্ব করার চক্রান্ত উল্লেখ করে ছাত্র ফেডারেশন বলেছে, গণতান্ত্রিক রীতি অনুযায়ী অন্তর্বর্তীকালীন উপাচার্য নিয়োগ হওয়া উচিত।

গতকাল দুপুরে ডাকসু ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সংগঠনের বক্তব্যে এ কথা বলা হয়। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি ফয়জুল হাকিম। উপস্থিত ছিলেন সৈয়দ জাহাঙ্গীর, সাংগঠনিক সম্পাদক শহীদুল ও সহ-সভাপতি সরদার ফারুক।

কে প্রশ্নের জবাবে বলা হয়, শুধুমাত্র সরকারী এজেন্টরা সন্ত্রাস করছে একথা মেনে নেয়া যায় না। অনেক সংগঠনের সন্ত্রাসের প্রাকটিস রয়েছে।

সাংবাদিক সম্মেলনে সাত দফা দাবী জানান হয়। দাবীর মধ্যে অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যায় খোলা, সিনেট কার্যকর করা, সকল হত্যাকান্ড ও সন্ত্রাসী ঘটনার তদন্ত, তদন্ত রিপোর্ট প্রকাশ ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ উল্লেখযোগ্য।